



আফরোজা আব্বাসকে জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান নিয়োগ



আফরোজা আব্বাস। ছবি: সংগৃহীত

জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পাচ্ছেন জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি আফরোজা আব্বাস। মঙ্গলবার (১৬ জুন) এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে সরকার।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, দায়িত্ব গ্রহণের দিন থেকে আগামী দুই বছর তিনি সংস্থাটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে প্রশাসনিক প্রয়োজন দেখা দিলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার আগেই এ নিয়োগে পরিবর্তন আনার সুযোগ থাকবে।

আদেশে আরও বলা হয়েছে, চেয়ারম্যান পদ থেকে সরে দাঁড়াতে চাইলে তিনি সরকারের কাছে লিখিতভাবে পদত্যাগপত্র জমা দিতে পারবেন।

জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১-এর আওতায় এ নিয়োগ দেওয়া হয়েছে। চেয়ারম্যান হিসেবে তার দায়িত্ব হবে সম্মানসূচক; এর বিপরীতে কোনো বেতন বা ভাতা নির্ধারিত নেই। আফরোজা আব্বাস বর্তমানে জাতীয়তাবাদী মহিলা দলের কেন্দ্রীয় সভাপতি। তিনি বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক মন্ত্রী মির্জা আব্বাসের স্ত্রী হিসেবেও পরিচিত।